ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার


# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



'সন্ধ্যার দিকে ভয়ানক ব্যথা লাগে, পোশাকও পরতে পারিনি'

পৃঃ ৫



বুমরাহ সর্বকালের সেরাদের একজন : হেড

পৃঃ ৬

Digital Media Act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ৩৩০ ● কলকাতা ● ২২ অগ্রহায়ণ, ১৪৩১ ● রবিবার ● ০৮ ডিসেম্বর, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

# প্রশান্ত কিশোরকে নিয়ে বিস্ফোরক মমতা





স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

২০২১ সালের বিধানসভা নির্বাচনে তৃণমূলের বিপুল সাফল্যের অন্যতম কৃতিত্ব দেওয়া হয় ভোট কুশলী প্রশান্ত কিশোর এবং তাঁর তৈরি করে দেওয়া রণকৌশলকে। সম্প্রতি বিধানসভায় দলীয় বিধায়কদের নিয়ে বৈঠকে নাম না করে প্রশান্ত কিশোরের সংস্থা আইপ্যাককে বিশেষ গুরুত্ব না দেওয়ার পরামর্শও তিনি দিয়েছেন বলে তৃণমূল সূত্রে খবর।এমন কি, নির্বাচনের সমীক্ষা নিয়ে এই ধরনের সমীক্ষার কার্যকরিতা কতটা, তা নিয়েও এ দিন প্রশ্ন তুলে দিয়েছেন তৃণমূলনেত্রী। তাঁর মতে, জনসংযোগ এবং মানুষের মতামতই নির্বাচনের ফলাফল নির্ণয় করার ক্ষেত্রে শেষ কথা। মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, 'আসলে ভোট করেন বুথ কর্মীরা, যাঁরা বুথ এজেন্ট হয়ে বুথে বসেন। যাঁরা গ্রাম এলাকাটা চেনেন। এরা কলাকুশলীর মতো কাজ করে, তার বিনিময়ে পয়সা পান। ভোটে জেতানোর ক্ষমতা এদের নেই।'২০২১-এ তৃণমূলকে বিপুল সাফল্য এনে দিলেও প্রথম পরীক্ষাতেই মুখ থুবড়ে পড়েছে প্রশান্ত কিশোরের নিজের রাজনৈতিক দল জন সুরজ পার্টি। সম্প্রতি বিহারের উপনির্বাচনে প্রথম বার লড়াই করে চারটি আসনের চারটিতেই মুখ পুড়েছে পিকে-র দলের প্রার্থীদের। এমন কি, তাঁরা জামানত খুইয়েছেন বলেও খবর।

এ দিন নিউজ ১৮ বাংলাকে দেওয়া এক্সক্লুসিভ সাক্ষাৎকারে নাম না করে সেই প্রশান্ত কিশোরকেই কটাক্ষ করলেন মুখ্যমন্ত্রী এবং তৃণমূলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। নিউজ ১৮ নেটওয়ার্কের এডিটর ইস্ট বিশ্ব মজুমদারের প্রশ্নের জবাবে মুখ্যমন্ত্রী বলেন, 'সে ভোট কুশলী বলে সে ভাবল কী করে যে মানুষ তাঁর কথায় ভোট দেবে। ভোট কুশলী হলে নিজের দলকে জেতাতে পারল না কেন? কিছু লোক সমীক্ষা করে, তার ফল পরের দিন উল্টে যায়। ঘরে বসেও সমীক্ষা করে দেয় অনেকে।'

## অনুদানের টাকা নিয়ে বড় পদক্ষেপ! বিজ্ঞপ্তি জারি করল অর্থ দফতর



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

লক্ষ্মীর ভাণ্ডার থেকে কন্যাশ্রী, কৃষকবন্ধু থেকে রূপশ্রী, একাধিক প্রকল্পের মাধ্যমে উপভোক্তাদের অনুদান দেয় রাজ্য সরকার। এই সকল প্রকল্পগুলির ক্ষেত্রে সরাসরি গ্রাহকদের অ্যাকাউন্টে টাকা পাঠিয়ে দেওয়া হয়। এবার এই ডিরেক্ট বেনিফিট ট্রান্সফার তথা ডিবিটির ক্ষেত্রে বড় সিদ্ধান্ত নিল রাজ্য।সরকারি প্রকল্পের টাকা নয়ছয় আটকাতে রাজ্যের এই পদক্ষেপ নিয়ে ইতিমধ্যেই জোর চর্চা শুরু হয়েছে। 'তরুণের স্বপ্ন' নিয়ে যে পরিস্থিতি হয়েছিল তার পরেই এই সিদ্ধান্ত বলে মনে করছেন আধিকারিকদের একাংশ। অনুদান প্রদানকারী নানান প্রকল্পের ক্ষেত্রে এই রকম সুরক্ষাবিধি কার্যকর করায় টাকা নয়ছয় অনেকখানি আটকানো যাবে বলে অনুমান অনেকের।সম্প্রতি 'তরুণের স্বপ্ন' চুরি নিয়ে উত্তাল হয়ে উঠেছিল বাংলা। সরকারের দেওয়া ট্যাবের টাকা বেহাত হওয়া নিয়ে প্রশাসনের অন্দরেও জোর শোরগোল পড়ে যায় বলে খবর। এরপর সরকারের আরও বেশ কয়েকটি ডিবিটি প্রকল্পে এই সমস্যা চোখে পড়ে। ইতিমধ্যেই এই নিয়ে তদন্ত শুরু করেছে রাজ্য। এবার জানা গেল, ডিবিটির ক্ষেত্রে প্রত্যেকটি দফতরকে রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার সুরক্ষাবিধি মেনে চলার নির্দেশ দিয়েছে নবান্ন।

রিপোর্ট বলছে, অর্থ দফতরের তরফ থেকে মোট ১৬ দফা এসওপি চূড়ান্ত করা হয়েছে। ইতিমধ্যেই প্রত্যেকটি দফতরের কর্তাকে এই বিষয়ে লিখিতভাবে জানিয়ে দেওয়া হয়েছে। বলা হয়েছে, ডিবিটি পদ্ধতিতে সুরক্ষাবিধি মানতেই হবে। রিজার্ভ ব্যাঙ্কের অধীন এনপিসিআই মারফৎ প্রত্যেক গ্রাহকের তথ্য যাচাই করাতে হবে।

যে সকল ক্ষেত্রে অনলাইনের মাধ্যমে আবেদন করা হবে, সেসব ক্ষেত্রে কাগজপত্র থাকবে না। সবটা অনলাইনে পরিচালিত হবে। তবে পরিষেবা পাওয়ার জন্য লিখিতভাবে আবেদনকারীদের ক্ষেত্রে অন্য ওয়েবসাইট থাকবে। সেটি এমনভাবে বানানো হবে, যাতে সরকারের তরফে যিনি তথ্য নথিবদ্ধ করছেন কিংবা সায় দিচ্ছেন তাঁদের সহজেই চিহ্নিত করা সম্ভব হয়।

অর্থ দফতরের তরফ থেকে জানানো হয়েছে, ডিবিটির ক্ষেত্রে এবার দু'বার করে গ্রাহকের ব্যাঙ্ক অ্যাকাউন্ট নম্বর নথিবদ্ধ করতে হবে। প্রথমবার হবে মাস্কড। এরপর ফের তা নথিবদ্ধ করতে হবে। গ্রাহকের ব্যাঙ্কের পাসবইয়ের প্রথম পাতা কিংবা বাতিল চেকের ছবি আপলোড করার বন্দোবস্ত থাকবে। এটিই হবে সংশ্লিষ্ট গ্রাহকের অ্যাকাউন্ট নম্বর, আইএফএসসি কোডের প্রমাণ।

যদি একটি ব্যাঙ্ক অ্যাকাউন্ট নানান নামে থাকে তাহলে সেটি এবার সহজে জানা যাবে। রিজার্ভ ব্যাঙ্কের আইএসএসসি তালিকা অনুসারে সেই নম্বর যাচাই করা হবে। সংশ্লিষ্ট গ্রাহকের ব্যাঙ্ক ব্রাঞ্চ

এরপর ৩ পাতায়

## জয়নগরে নাবালিকা ধর্ষণ-খুন: আদালতে ফাঁসির সাজা শুনেও ভাবলেশহীন মুস্তাকিন



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

বারুইপুর আদালতের বাইরে তখন থিকথিকে ভিড়। পুলিশ ভ্যান থেকে নামিয়ে আদালতের ভিতরে নিয়ে যাওয়া হয় মুস্তাকিন সর্দারকে। শুক্রবার আদালত জয়নগর ধর্ষণ ও খুন কাণ্ডে তাকে ফাঁসির সাজা শোনায়। নাবালিকা ধর্ষণ ও খুনের ঘটনায় গুরুত্বপূর্ণ রায় শোনালেন এদিন বিচারক সুব্রত চট্টোপাধ্যায়।আদালতে বিচারক রায় ঘোষণার পরেই কেঁদে ফেলেন নাবালিকার বাবা-মা। ফাঁসির সাজায় খুশি হয়েছেন কন্যা হারানো পিতা-মাতা। এলাকার স্থানীয় বাসিন্দারাও এই রায়ে খুশি। কিশোর-কিশোরীরা এদিন এলাকায় মিছিলও করেন। বিচারক সুব্রত চট্টোপাধ্যায় ১০৩ ধারায় মৃত্যুদণ্ডের নির্দেশ দেন। একই সঙ্গে মৃতার পরিবারকে ১০ লক্ষ টাকা ক্ষতিপূরণের নির্দেশও দেওয়া হয়েছে।ফাঁসির সাজা শোনার পরেও নির্লিপ্ত দোষী মুস্তাকিন। আদালতের ভিতরে তাকে চুপচাপই দেখা যায়। মাঝেমধ্যে এদিক সেদিক চাইতেও দেখা যায়।

গতকাল দোষী সাব্যস্ত হওয়ার পরেও তার চেহারায় খুব একটা প্রভাব পড়তে দেখা

এরপর ৩ পাতায়

মৃত্যুঞ্জয় সরদারের আটটি বইয়ের মধ্যে কলকাতার কলেজ স্ট্রিটে চারটি বই পাওয়া যাচ্ছে। অন্যান্য বইগুলো সব বিক্রি হয়েছে।

কলেজ স্ট্রিটে পাওয়া যাচ্ছে বইগুলোর নাম

ঈশ্বরী কথা আর মাতৃ শক্তি কলেজ স্ট্রিট কেশব চন্দ্র স্ট্রিটে, অশোক পাবলিশিং হাউসে

সুন্দরবন ও সুন্দরবনবাসি বর্ণপরিচয় বিল্ডিংয়ে উজ্জ্বল সাহিত্য মন্দিরে

কলেজ স্ট্রিট সারাদিন পাবলিকেশনের পাওয়া যাচ্ছে আর্তনাদ নামের বইটি। এই বইটি অনলাইনে বুক করলে পোস্ট অফিসে বাড়ি পৌঁছে যাবে।

যোগাযোগ নম্বর ৯৫৬৪৩৮২০৩১

আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান (বাংলা মাধ্যম)

সরবেড়িয়া আন্-নূর মিশন

(বালক ও বালিকা পৃথক ক্যাম্পাস)

(পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণি) বিজ্ঞান ও কলা বিভাগ

E-mail : sarberia.annoor.mission@gmail.com ● Contact : 9732531171

২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি সংক্রান্ত তথ্য (পঞ্চম থেকে নবম শ্রেণি)

পরীক্ষা কেন্দ্র সরবেড়িয়া আন নূর মিশন

সরবেড়িয়া, এফ.এস.হাট, ন্যাজাট, উঃ ২৪ পরগনা

ফর্ম বিতরণ চলছে (অফলাইনে)

ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ : ৩রা নভেম্বর ২০২৪

ভর্তি পরীক্ষার তারিখ : ১০ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ১২টা

ফলাফল প্রকাশিত হবে : ১৭ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ২টা

ফলাফল জানা যাবে www.annoormission.org

এই website notice board-এ

সফল ছাত্র-ছাত্রীদের অভিভাবক/অভিভাবকা সাক্ষাৎকার ও ভর্তি প্রক্রিয়া শুরু হবে ২২শে নভেম্বর থেকে ৩০শে নভেম্বর ২০২৪

ফর্মের মূল্য : ৫০.০০ টাকা



Girl's Hostel



Boy's Hostel

আবাসিক শিক্ষক চাই

বায়োলজি এমএসসি অনার্স ও একজন কম্পিউটার টিচার লাগবে

সত্বর Resume mail করুন

ফর্ম পাওয়ার জন্য বিস্তারিত জানতে যোগাযোগ করুন ফর্ম বিতরণ কেন্দ্রগুলিতে

❖ সরবেড়িয়া আন নূর মিশন
সরবেড়িয়া, এফ.এস. হাট, ন্যাজাট, উঃ ২৪ পঃ
মোঃ - ৯৫৬৪০১১৯০৬ / ৯৭৩৪৫৪৯৫০৫

❖ নিউ বিশ্বাস জেরক্স
মুরারীসাহা চৌমাথা, ভেবিয়া, উঃ ২৪ পঃ
মোঃ - ৯৬০৯০৮২৪১৬


❖ আদর্শ শিশু নিকেতন
ভাঙনখালি, (কলতলা মোড়) বাসন্তী, দঃ ২৪ পঃ মোঃ - ৮১৪৫২৫০০৮০

❖ সাগরিকা লাইব্রেরী
বিজয়গঞ্জ বাজার, ভাঙ্গর, দঃ ২৪ পঃ মোঃ - ৯৭৩৫২৮০৪০৭

❖ আরফান আলি বিশ্বাস
দেবগ্রাম, কাটোয়া মোড়, নদীয়া মোঃ - ৯১৫৩৯৩২৯০৬

# বাংলাদেশে সংসদ নির্বাচন কবে, জানিয়ে দিলেন ইউনূসের শিক্ষা উপদেষ্টা

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন



ঢাকা: শেখ হাসিনা জমানার অবসানের পরে মোল্লা মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন সরকারের চার মাস পূর্ণ হয়েছে শনিবার (৭ ডিসেম্বর)। অতি দ্রুত নির্বাচন ঘোষণার জন্য অন্তর্বর্তী সরকারের উপরে লাগাতার চাপ তৈরি করে চলেছে প্রাক্তন প্রধানমন্ত্রী খালেদা জিয়ার দল বিএনপি। যদিও সেই চাপ উপেক্ষার পথেই হেঁটেছে অন্তর্বর্তী সরকার।ভোটের দিনক্ষণ নিয়ে টানাপোড়েনের মধ্যেই এদিন সকালে রাজধানী ঢাকার এক হোটেলে বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের (বিআইডিএস) উদ্যোগে আয়োজিত এবিসিডি সম্মেলনে নির্বাচিত সরকারের হাতে ক্ষমতা হস্তান্তর নিয়ে বড় ইঙ্গিত দিয়েছেন শিক্ষা ও পরিকল্পনা উপদেষ্টা ওয়াহিদউদ্দিন মাহমুদ। সম্মেলনে তিনি বলেন, 'আশা করছি, আগামী বছর অর্থাৎ ২০২৫ সালেই নির্বাচিত সরকারের হাতে ক্ষমতা দেখব।' তাঁর এমন মন্তব্য নতুন করে বিতর্ক তৈরি করতে পারে তা বুঝতে পেরে পর ক্ষণেই শিক্ষা উপদেষ্টা বলেন,নির্বাচিত সরকার বিষয়ে এই মত একান্তই তাঁর ব্যক্তিগত। শেষ পর্যন্ত কী হবে, তা জানি না।' দেশত্যাগী প্রধানমন্ত্রী শেখ হাসিনার জমানায় যে সব প্রকল্প হাতে নেওয়া হয়েছিল, তার মধ্যে অনেকগুলোই জনগণের স্বার্থমূলক বলেও দাবি করেছেন শিক্ষা উপদেষ্টা। তাঁর কথায়, ' গত সরকারের আমলে যেসব প্রকল্প নেওয়া হয়েছিল, তার মধ্যে পদ্মা সেতুসহ বেশ কয়েকটি ভাল প্রকল্প রয়েছে। কিন্তু ওই সব প্রকল্পের মধ্যে অনেকগুলোই 'প্রেস্টিজ প্রকল্প' বা সুখ্যাতি অর্জনের জন্য নেওয়া হয়েছিল। এসব নিয়ে কী করা যায়, তা ভেবে দেখা হচ্ছে।'তবে এদিন বাংলাদেশে কবে নির্বাচন হবে তা নিয়ে বরসড় ঘোষণা করলেন মোল্লা ইউনূসের শিক্ষা উপদেষ্টা ওয়াহিউদ্দিন মাহমুদ। জানিয়ে দিলেন, 'আগামী বছরই অর্থাৎ ২০২৫ সালে নির্বাচনের জন্য ভোটের লাইনে দাঁড়াবেন বাংলাদেশের নাগরিকরা। আগামী বছরই দেশে নির্বাচিত সরকারের হাতে ক্ষমতা অর্পণ করা হবে।' তবে শিক্ষা উপদেষ্টা এও জানিয়ে দিয়েছেন, 'নির্বাচিত সরকারের হাতে ক্ষমতা হস্তান্তর নিয়ে তাঁর মত একান্তই ব্যক্তিগত।'বাংলাদেশে তত্ত্বাবধায়ক সরকারের মেয়াদ ছিল ছয় মাস। যদিও পাকিস্তান ও আমেরিকার মদতপুষ্ট মোল্লা মুহাম্মদ ইউনূসের সরকার ছয় মাসের মধ্যে ক্ষমতা ছাড়তে নারাজ। রাষ্ট্র সংস্কার করে ক্ষমতা ছাড়ার কথা বলেছে। সংস্কারের জন্য একাধিক কমিশনও গঠন হয়েছে। একাধিক বিদেশি সংবাদমাধ্যমকে দেওয়া সাক্ষাৎকারে মোল্লা ইউনূস জানিয়েছেন, অন্তর্বর্তী সরকারের মেয়াদ অন্তত চার বছর হওয়া উচিত। আর তাতেই ক্ষোভে ফুঁসে উঠেছিল বিএনপি-জামায়াত ইসলামী সহ একাধিক রাজনৈতিক দল। তোপের মুখে পড়ে অবশ্য ইউনূসের কার্যালয় থেকে সাফাই দেওয়া হয়েছিল, প্রধান উপদেষ্টা কখনই অন্তর্বর্তী সরকারের মেয়াদ চার বছর হবে বলে জানাননি। যদিও তাতে বিতর্ক থামেনি। দিল্লির সঙ্গে ঢাকার সংঘাত চরমে পৌঁছনোয় গত বুধে বিভিন্ন রাজনৈতিক দলের শীর্ষ নেতাদের সঙ্গে বৈঠকে বসেছিলেন ইউনূস। ওই বৈঠকেও বিএনপি-জামায়াত নেতারা অতি দ্রুত ভোট করে নির্বাচিত সরকারের হাতে ক্ষমতা হস্তান্তরের দাবি করেছেন।


# অপরাধমূলক কাজ কমাতে নাকা চেকিং এর উপর জোর দিল হুগলি গ্রামীণ পুলিশ



বলাইচাঁদ মুখোপাধ্যায়, ধনিয়াখালি, হুগলি

হুগলি জেলার বিভিন্ন এলাকায় বাড়ছে চুরি ডাকাতি, বাড়ছে অপরাধ মূলক কাজ কর্ম, সেই কারণেই আজ ধনিয়াখালী থানার ওসি কৌশিক দত্তের নেতৃত্বে বিশাল পুলিশ বাহিনী ধনিয়াখালী চুঁচুড়া বাস রাস্তার ধারে কলেজ মোড় এলাকায় নাকা চেকিং শুরু করে। এছাড়াও বিনা হেলমেটে বাইক চালকদের এই দিন পুলিশকে সতর্ক করতে দেখা যায়। চার চাকা গাড়িতে কোন নিষিদ্ধ জিনিস বহন হচ্ছে কিনা তাও আজ ধনিয়াখালি থানার পুলিশ গাড়ি আটকে তল্লাশি করে। উল্লেখ্য বিগত কয়েকদিন ধরেই হুগলি জেলার বিভিন্ন এলাকা থেকে ডাকাতির উদ্দেশ্যে জড়ো হওয়া দুষ্কৃতীদের গ্রেফতার করেছে। এমনকি ভিন রাজ্যের দুষ্কৃতীরা এখানে এসে অপরাধ ঘটানোর চেষ্টা করছে। তাই হুগলির গ্রামীণ পুলিশ অপরাধ রুখতে নাকা চেকিং সহ বিভিন্ন উন্নত পন্থা অবলম্বনের উপর জোর দিয়েছেন।

# ভারতে মুসলিমদের অধিকারের দাবিতে প্রধানমন্ত্রীর কাছে বার্তা দিলেন দিল্লির জামা মসজিদের শাহী ইমাম সৈয়দ আহমেদ বুখারি



বেবি চক্রবর্তী

ভারতে মুসলিমদের অধিকারের দাবিতে দিল্লির জামা মসজিদের শাহী ইমাম সৈয়দ আহমেদ বুখারী প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দ্বারস্থ হলেন। দিল্লির জামা মসজিদের শাহী ইমাম সংখ্যালঘুদের অধিকার রক্ষার দাবিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে এগিয়ে আসার জন্য অনুরোধ করলেন। শাহী ইমাম বলেছেন, " এই মুহূর্তে ভারতের পরিস্থিতি ১৯৪৭ এর দেশভাগের থেকেও খারাপ। কেউ জানে না আগামী দিনের দেশ কোন দিকে যাবে। দেশের বিভিন্ন প্রান্তে যেভাবে মসজিদে মসজিদে সমীক্ষা চলছে তাতে শুধুই অস্থিরতা তৈরি হবে। রাজনীতির কারবারীরা দেশকে আশ্বস্ত করতেই চাইছে"। জামা মসজিদের শাহী ইমাম প্রধানমন্ত্রী কে পাঠানো এক বার্তায় বলেছেন" নিজের চেয়ারের প্রতি সুবিচার করুন। মুসলিমদের সঙ্গে কথা বলুন। তাঁদের মন জয় করার চেষ্টা করুন। কিছু মানুষ সাম্প্রদায়িক অশান্তি সৃষ্টি করার চেষ্টা করছে। আমরা ১৯৪৭ এর থেকেও খারাপ সময়ের মধ্যে দিয়ে যাচ্ছি"।

বাংলাদেশের সাম্প্রতিক পরিস্থিতি নিয়েও বিবৃতি দিয়েছেন জামা মসজিদের শাহী ইমাম সৈয়দ আহমেদ বুখারী। বাংলাদেশের পরিস্থিতি নিয়ে তিনি বলেছেন, "মুসলিম অধ্যুষিত দেশ হলেও সংখ্যালঘু

এরপর ৩ পাতায়

# 'এত সাহস! হাইকোর্টে এই ভাষায়.'! পুলিশের ভূমিকায় রেগে আগুন জাস্টিস ঘোষ! এবার কড়া নির্দেশ

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

সাম্প্রতিক অতীতে কলকাতা হাইকোর্টে একাধিকবার প্রশ্নের মুখে পড়েছে পুলিশের ভূমিকা। এবার যেমন পুলিশের রিপোর্ট দেখে ক্ষোভ উগরে দিলেন বিচারপতি তীর্থঙ্কর ঘোষ। 'এত সাহস আসে কোথা থেকে?' রিপোর্ট দেখার পরেই প্রশ্ন করেন তিনি।হাইকোর্টের প্রশ্ন, ওই আইসি কত টাকার মালিক যে এত সাহস? উচ্চ আদালতে এমন 'ঔদ্ধত্যপূর্ণ' রিপোর্ট পেশ করার জন্য পুরশুড়া থানার আইসির বিরুদ্ধে যথাযথ পদক্ষেপ নেওয়ার নির্দেশ দিয়েছেন বিচারপতি ঘোষ। হুগলির পুলিশ সুপারকে পদক্ষেপ গ্রহণের নির্দেশ দিয়েছেন তিনি। আগামী ৮ জানুয়ারি ফের এই মামলার শুনানি রয়েছে। সেদিন পুলিশ সুপারকে এই বিষয়ক রিপোর্ট পেশ করার নির্দেশ দিয়েছে আদালত।এদিন জাস্টিস ঘোষের এজলাসে জমি বিবাদ সংক্রান্ত একটি মামলার শুনানি চলছিল।



এই মামলায় প্রয়োজন পড়লে পুলিশি সাহায্যের নির্দেশ দিয়েছিল নিম্ন আদালত। তবে মামলাকারীর অভিযোগ, এরপরেও পুলিশের তরফ থেকে কোনও সাহায্য মেলেনি। যে কারণে পুরশুড়া থানার আইসির কাছ থেকে রিপোর্ট তলব করেছিল হাইকোর্ট। সেই রিপোর্ট দেখার পরেই ক্ষোভ উগরে দেন বিচারপতি। হাইকোর্টে পুরশুড়া থানার আইসির জমা দেওয়া রিপোর্টে বলা হয়েছিল, নিম্ন আদালতের তরফ থেকে পুলিশি সাহায্যের বিষয়ে 'নির্দিষ্ট' করে কোনও নির্দেশ না দেওয়ার কারণে কোনও

এরপর ৩ পাতায়

# কার্টুন দেখতে দেখতে ছয় বছরের বালকের মৃত্যু চন্দননগরে!



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

একা একা কার্টুন দেখছিল বছর ছয়েকের বালক। কার্টুন দেখতে দেখতেই ঘুমিয়ে পড়ে। বিকেলে মা ও দিদির ডাকে সাড়া না-দেওয়ায় সন্দেহ হয় তাঁদের। এর পর ওই নাবালককে হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকেরা তাকে মৃত বলে ঘোষণা করেন। মৃতের নাম নিখিল বিশ্বাস (৬)। চন্দননগর কুন্ডুঘাট এলাকার বাসিন্দা ওই শিশুর দেহ ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে হুগলির ইমামবাড়া হাসপাতালে। পুলিশ জানিয়েছে, অস্বাভাবিক মৃত্যু হয়েছে ওই শিশুর। তার শরীরে কোনও আঘাতের চিহ্ন নেই বলেই প্রাথমিক ভাবে জানতে পেরেছে পুলিশ। বৃহস্পতিবার তার দেহের ময়নাতদন্ত হবে চুঁচুড়া

এরপর ৩ পাতায়




# প্রধানমন্ত্রী মোদীকে খুনের হুমকি

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন



নরেন্দ্র মোদীর প্রাণনাশের হুমকি দিয়ে আবার বার্তা এল মুম্বই পুলিশের কাছে। যে নম্বর থেকে হোয়াট্‌সঅ্যাপে বার্তাটি এসেছে, সেটি রাজস্থানের অজমেরের বলে চিহ্নিত করেছে পুলিশ। সঙ্গে সঙ্গে মুম্বই পুলিশের একটি দল অভিযুক্তকে ধরতে সেখানে রওনা হয়েছে। এই হুমকির বার্তা পাওয়ার পরে মুম্বইয়ের থানায় এফআইআর দায়ের করা হয়েছে। এর আগে বহু বার হুমকি দিয়ে ভুয়ো বার্তা এসেছে মুম্বই ট্র্যাফিক পুলিশের হেল্পলাইন নম্বরে। দিন দশেক আগে সলমন খানকে খুনের হুমকি দিয়ে তাদের হেল্পলাইন নম্বরে মেসেজ পাঠানো হয়েছিল। গত মাসের শেষে প্রধানমন্ত্রীকে খুনের পরিকল্পনা করা হয়েছে বলে হুমকি ফোন গিয়েছিল মুম্বই পুলিশের কাছে। এই ঘটনায় ৩৪ বছরের এক মহিলাকে গ্রেফতার করা হয়েছিল। পুলিশ জানিয়েছিল, তিনি মানসিক ভাবে সুস্থ নন। অক্টোবর মাসে পুণে পুলিশের কাছে এ ধরনের একটি ভুয়ো ফোন এসেছিল। ওই অভিযোগে ৩৮ বছরের এক ব্যক্তিকে গ্রেফতারও করে পুলিশ। পুণে পুলিশের কন্ট্রোল রুমে ফোন করে অভিযুক্ত দাবি করেছিলেন যে, প্রধানমন্ত্রীকে খুন করার জন্য একটি ফ্ল্যাটে বসে ছক কষছে দুষ্কৃতীরা। গত বছর জুলাই মাসেও প্রধানমন্ত্রী মোদী এবং উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথকে খুনের হুমকি দিয়ে ফোন গিয়েছিল মুম্বই পুলিশের কাছে।শনিবার সকালে মুম্বই ট্র্যাফিক পুলিশের হেল্পলাইনে বার্তাটি পাঠানো হয়েছে।সংবাদ সংস্থা পিটিআই জানিয়েছে, ওই বার্তায় পাক গুপ্তচর সংস্থা আইএসআইয়ের উল্লেখ রয়েছে। বোমা বিস্ফোরণ ঘটিয়ে মোদীকে মারার পরিকল্পনার কথা বলা হয়েছে। যদিও পুলিশ এই নিয়ে বিশদে কিছু জানায়নি। তদন্তকারীরা প্রাথমিক ভাবে মনে করছেন, অভিযুক্তের মানসিক সমস্যা থাকতে পারে। বা তিনি মত্ত অবস্থায় এই মেসেজ করে থাকতে পারেন। এই নিয়ে তদন্ত করে দেখছে পুলিশ।



১-ম পাতার পর

# অনুদানের টাকা নিয়ে বড় পদক্ষেপ! বিজ্ঞপ্তি জারি করল অর্থ দফতর

পশ্চিমবঙ্গে রয়েছে কিংবা সেটা দেখা হবে। গ্রুপ এ লেভেলের আধিকারিক অ্যাকাউন্টের তথ্য অনুমোদন করবেন। যদি কোনও কারণে টাকা পাঠানো সম্ভব না হয়, তাহলে সেটা সংশোধন করা যাবে না। সেটা ফের সরকারের কাছেই ফিরে আসবে। এসএমএসের মাধ্যমে উপভোক্তাকে প্রাপ্যের অবস্থা জানিয়ে দেবে সরকার।

১-ম পাতার পর

# জয়নগরে নাবালিকা ধর্ষণ-খুন: আদালতে ফাঁসির সাজা শুনেও ভাবলেশহীন মুস্তাকিন

যায়নি। আজও মুস্তাকিন সর্দারকে ভাবলেশহীন হিসেবেই দেখা যায়। কীভাবে এত নৃশংস কাজ করার পরেও সে এমন থাকতে পারে? সেই প্রশ্ন উঠতে শুরু করেছে। গতকাল তার গায়ে হলুদ রঙের টিশার্ট পরেছিল। এদিন সেই টিশার্টের উপর জ্যাকেট চাপানো ছিল। মাথায় শীতের টুপি ছিল। পুলিশ তাকে মাঝখানে ঘিরে নিয়ে আদালতের ভিতর যায়। আবার সাজা ঘোষণার পর একই ভাবে বার করে নিয়ে আসে। গতকাল সে সংবাদমাধ্যমের সামনে কিছু বলার চেষ্টা করেছিল। কিন্তু আজ আর সেই সুযোগ তাকে পুলিশ দেয়নি।

২ পাতার পর

# কার্টুন দেখতে দেখতে ছয় বছরের বালকের মৃত্যু চন্দননগরে!

ইমামবাড়া হাসপাতালে। ময়নাতদন্তের রিপোর্ট হাতে এলে মৃত্যুর কারণ স্পষ্ট হবে বলেই পুলিশের দাবি।কুড়ুঘাট এলাকার বাসিন্দা নবকুমার বিশ্বাস ও তনুশ্রী বিশ্বাসের এক ছেলে ও এক মেয়ে। জানা গিয়েছে, নবকুমার কলকাতা বিশ্ববিদ্যালয়ের পাম্প অপারেটর। বুধবার সকালে তিনি কাজে বেরিয়ে যান। দুপুরে বাড়িতে ছেলেকে একা রেখে কিছু ক্ষণের জন্য বাইরে গিয়েছিলেন তনুশ্রী। তাঁদের মেয়ে স্কুলে পরীক্ষা দিতে গিয়েছিল। মা আর দিদি বিকেলে ফিরে এসে দেখেন দোতলার ঘরে নিখিল ঘুমিয়ে আছে। উঠছে না দেখে ডাকতে যায় দিদি। তখনই নিকিলের হাত-পা ঠান্ডা হয়ে গিয়েছে। চন্দননগর হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকেরা জানান অনেক ক্ষণ আগেই বাচ্চাটির মৃত্যু হয়েছে। খবর পেয়ে চন্দননগর থানার পুলিশ হাসপাতালে যায়। পরে বাড়িতে গিয়ে শিশুর মা-বাবার সঙ্গেও কথা বলে তারা। তনুশ্রী বলেন, 'ছেলে কার্টুন দেখছিল। পরে মেয়ে এসে দেখে কম্বল গায়ে দিয়ে শুয়ে আছে। ভাইকে ডাকতে গিয়ে দেখে বমি করে ফেলেছে। ওর বাবাকে ফোন করে খবর দিই। নবকুমার বলেন, 'ছেলের কোনও শরীর খারাপ ছিল না। কী করে এমন হল বুঝতে পারছি না।'

২ পাতার পর

# 'এত সাহস! হাইকোর্টে এই ভাষায়.'! পুলিশের ভূমিকায় রেগে আগুন জাস্টিস ঘোষ! এবার কড়া নির্দেশ

পুলিশি সাহায্য দেওয়া হয়নি। এই বয়ানেই রেগে যান বিচারপতি ঘোষ। 'এত সাহস! হাইকোর্টে এই ভাষায় রিপোর্ট দিচ্ছেন একজন আইসি! এত ঔদ্ধত্য কোথা থেকে আসে?' প্রশ্ন করেন তিনি। জাস্টিস ঘোষ বলেন, থানায় যে রকম ব্যবহার করে পুলিশ, আইসির রিপোর্টেও সেটা প্রতিফলিত হচ্ছে। বিচারপতি আরও বলেন, 'পুলিশ সরকারের মুখ। তাঁরাই যদি এমন আচরণ করে, তাহলে সাধারণ মানুষ কোথায় যাবে? এই রকম অফিসারদের প্রাইম পোস্টিং দেওয়া উচিত নয়। এখনই সরিয়ে দেওয়া উচিত'।

২ পাতার পর

# ভারতে মুসলিমদের অধিকারের দাবিতে প্রধানমন্ত্রীর কাছে বার্তা দিলেন দিল্লির জামা মসজিদের শাহী ইমাম সৈয়দ আহমেদ বুখারি

বিদ্বেষের স্থান থাকা উচিত নয় বাংলাদেশে। আশা করি বাংলাদেশের বর্তমান প্রধান নোবেল জয়ী মোহম্মদ ইউনুস সংখ্যালঘু হিন্দুদের উপরে হাওয়া অবর্ণনীয় অত্যাচার রুখতে যথাযথ পদক্ষেপ করবেন। আন্তর্জাতিক মহলে নিজের সুনাম বজায় রাখবেন"। শাহী ইমাম মনে করেন ইসলাম কখনো সংখ্যালঘুদের প্রতি অবিচার করার বার্তা দেয় না।

# বাংলায় বসেই ইন্ডিয়া জোট করতে পারি দিল্লি যাওয়ার কোন প্রশ্ন ওঠেনা জানালেন মুখ্যমন্ত্রী

**কলকাতা**

আমি ইন্ডিয়া জোট তৈরি করে দিয়ে এসেছিলাম। কিন্তু ওরা রাখতে পারছে না! আমি কী করব? আমি তো সেই ফ্রন্টের নেতৃত্বে নেই।আমাকে দেখতেই পারে না, আমি নেতৃত্ব কী দেব! যাঁরা লিডার, তাঁদের এটা দেখা উচিত কীভাবে সকলকে একসঙ্গে নিয়ে চলা যায়।মমতা আরও জানান যে তাঁর সঙ্গে সমস্ত আঞ্চলিক এবং জাতীয় দলের ভালো সম্পর্ক রয়েছে। তবে



তিনি স্পষ্ট করেন যে তাঁর কাছে বাংলাই সবার আগে। তিনি বলেন,আমি বাংলাকেই ভালোবাসি। আমার কাছে অন্য কোথাও যাওয়ার কোনও হাতছানি নেই। কিন্তু এটুকু বলতে পারি, আমি এখানে বসেই এটা (ইন্ডিয়া জোট) চালিয়ে দিতে পারি।মমতার এই মন্তব্য স্পষ্টভাবে ইন্ডিয়া জোটের বর্তমান অবস্থা এবং নেতৃত্বের প্রতি তাঁর অসন্তোষ প্রকাশ করে। তবে তিনি তার আবেদন জানিয়ে বলেন যে নেতৃত্বের দায়িত্ব যাঁদের হাতে, তাঁদের সকলকে একত্রিত করার চেষ্টা করা উচিত।

# স্থায়ী উপাচার্য পেল রাজ্যের ৬ বিশ্ববিদ্যালয়

**কলকাতা**

শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু শুক্রবার সন্ধ্যায় রাজ্যপালকে ধন্যবাদ জানিয়ে এক বার্তায় প্রকাশ করেন যে এবার স্থায়ী উপাচার্য পেল রাজ্যের ৬ বিশ্ববিদ্যালয়। তিনি বলেন, রাজ্য ও রাজ্য সরকারের সাময়িক বিতর্কের অবসান ঘটলো। উপাচার্য নিয়োগ ঘিরে রাজ্য-রাজ্যপাল সংঘাত চরমে পৌঁছেছিল। সুপ্রিম কোর্ট পর্যন্ত পৌঁছেছিল সেই সংঘাত। এবার রাজ্যের পাঠানো নামেই সই করলেন রাজ্যপাল তথা আচার্য। কিছুদিন আগে রাজ্যপালের বিরুদ্ধে নতুন করে সুর চড়িয়ে ছিলেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। তারপরেই খবর যায় মমতার পাঠানো নামের তালিকায় সই করেছেন রাজ্যপাল। খুশি হয়ে রাজ্যপালকে ধন্যবাদ জানান

এরপর ৪ পাতায়

# রাজ্য সভায় জহর সরকারের ছেড়ে যাওয়া আসনে প্রার্থী হলেন ঋতব্রত বন্দ্যোপাধ্যায়




**বেবি চক্রবর্তী : কলকাতা**

আরজি কর কাণ্ডের পর রাজ্যসভায় তৃণমূলের সাংসদ পদ থেকে ইস্তফা দিয়েছিলেন জহর সরকার। ফলে ওই আসনটি ফাঁকা ছিল। রাজ্যসভায় ওই ফাঁকা আসনে প্রার্থীর নাম ঘোষণা করল তৃণমূল। দলের শ্রমিক সংগঠনের (আইএনটিটিইউসি) রাজ্য সভাপতি ঋতব্রত বন্দ্যোপাধ্যায়কে প্রার্থী করল তৃণমূল। রাজ্যের শাসক দলের সোশ্যাল মিডিয়া হ্যান্ডেলে পোস্ট করে এই ঘোষণা করা হয়েছে।সাংসদ হিসাবে জহর সরকারের আরও ১৫ মাসের মেয়াদ বাকি ছিল। রাজ্যসভার সাংসদ পদ থেকে তাঁর ইস্তফার পরেই সংসদের উচ্চকক্ষে তৃণমূলের সদস্য সংখ্যা কমে দাঁড়ায় ১২তে। পশ্চিমবঙ্গের ১৬টি রাজ্যসভার আসনের মধ্যে একটি আসন খালি হয়। ফলে ২০ ডিসেম্বরেই রাজ্যসভার ভোট।তৃণমূলের তরফে দলের অফিসিয়াল এক্স হ্যান্ডেলে লেখা হয়েছে,আসন্ন রাজ্যসভার উপনির্বাচনে প্রার্থী হিসাবে ঋতব্রত বন্দ্যোপাধ্যায়ের নাম ঘোষণা করা হচ্ছে। উনি রাজ্যসভায় তৃণমূলের যোগ্য উত্তরাধিকার বহন করবেন এবং প্রত্যেক ভারতীয়র অধিকারের কথা বলে যাবেন।

# ভারত-যুক্তরাষ্ট্র সম্পর্কে টানাপোড়েন, মার্কিন কর্মকর্তাদের দুষছে বিজেপি

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

ভারতকে অস্থিতিশীল করার ষড়যন্ত্র করছে মার্কিন স্টেট ডিপার্টমেন্টের কর্মকর্তারা (ডিপ স্টেট)- এমন অভিযোগ করেছে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দল বিজেপি। এই অভিযোগের পর ভারত-যুক্তরাষ্ট্র সম্পর্ক আরও খারাপ হতে চলেছে বলে অনুমান করা হচ্ছে।



গত মাসে আদানি গ্রুপের চেয়ারম্যান, গৌতম আদানি যুক্তরাষ্ট্রে ২৬৫ বিলিয়নের ডলারের ঘুষ কেলেঙ্কারিতে অভিযুক্ত হওয়ার পর এই উত্তেজনার সূত্রপাত হয়। শুক্রবার বিজেপি দাবি করেছে এই ষড়যন্ত্রে তদন্তকারী সাংবাদিক ও বিরোধীনেতা রাহুল গান্ধীও জড়িত রয়েছে। নিউইয়র্কের ব্রুকলিনের মার্কিন অ্যাটর্নি অফিস গত ২০ নভেম্বর জানায়, ৬২ বছর বয়সী আদানি এবং তার কোম্পানির অন্য দুই নির্বাহী; সাগর আদানি ও ভিনীত জৈন, সম্ভাব্য ২ বিলিয়নের ডলারের মুনাফার আশায় একটি সৌরবিদ্যুৎ সরবরাহ চুক্তি পেতে ২০২০ থেকে ২০২৪ সালের মধ্যে ভারতীয় সরকারি কর্মকর্তাদের ২৫০ মিলিয়নের ডলারের বেশি ঘুষ দিতে সম্মত হন।

এই মামলার অভিযোগপত্রে দাবি করা হয়েছে, এখানে ২৫০ মিলিয়নের ডলারের বেশি ঘুষ দেওয়া, বিনিয়োগকারী ও ব্যাংকগুলোকে মিথ্যা তথ্য দিয়ে বিলিয়ন ডলার তোলা এবং বিচারপ্রক্রিয়ায় বাধা দেওয়ার ষড়যন্ত্র হয়েছে। মার্কিন আদালতের এই অভিযোগকে কেন্দ্র করে ভারতে বিরোধী দলগুলো সংসদে সরকারের কাছে জবাবদিহিতা দাবি করলে উভয়পক্ষের মধ্যে উত্তেজনা তৈরি হয়। এ সময় বিজেপি নেতারা আদানির বিরুদ্ধে অভিযোগ অস্বীকার করেন এবং রাজিব গান্ধী ও সাংবাদিক জর্জ সোরোস রাজনৈতিক স্বার্থে মোদির বিরুদ্ধে ষড়যন্ত্র করছেন বলে অভিযোগ করেন।

বিজেপির দাবি, এই মামলা ভারতের বৈশ্বিক ভাবমূর্তি নষ্ট করা এবং ভারতীয় নেতৃত্বকে অস্থিতিশীল করার একটি সুপরিকল্পিত প্রচারণার অংশ। কিন্তু বাস্তবতা হচ্ছে- বিজেপি যখন যুক্তরাষ্ট্রের স্টেট ডিপার্টমেন্টের বিরুদ্ধে ভারতকে অস্থিতিশীল করার চেষ্টা করার অভিযোগ করছে, তখন নয়াদিল্লি নিজেই সংখ্যালঘুদের, বিশেষ করে মুসলমানদের এবং রাজনৈতিক বিরোধীদের সম্পর্কে মিথ্যা এবং গুজব ছড়ানোর অভিযোগের মুখোমুখি হচ্ছে। ২০১৯ সালে ইউরোপীয় ইউনিয়ন ভিত্তিক সংস্থা

এরপর ৪ পাতায়




ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ৩৩০ সংখ্যা ০৮ ডিসেম্বর, ২০২৪ রবিবার ২২ অগ্রহায়ণ, ১৪৩১

৩ পাতার পর

## স্থায়ী উপাচার্য পেল রাজ্যের ৬ বিশ্ববিদ্যালয়

ব্রাত্য বসু। উপচার্য নিয়োগ নিয়ে বিতর্ক এক বছরের বেশি সময় ধরে চলছে। তা এবার শেষ হল বলেই মনে করছে শিক্ষা মহল। স্থায়ী উপাচার্য পেল রাজ্যের ৬ বিশ্ববিদ্যালয়। সুপ্রিম কোর্টের প্রাক্তন বিচারপতির নেতৃত্বাধীন কমিটি পুরো পদ্ধতির তদারকি করেছে। প্রায় গোটা শিক্ষাবর্ষে উপাচার্যহীন ছিল বিশ্ববিদ্যালয়গুলি। পরে ধীরে ধীরে স্থায়ী উপাচার্য পাচ্ছে কর্তৃপক্ষ। তবে এখনও পর্যন্ত ২৯টি বিশ্ববিদ্যালয়ে স্থায়ী উপাচার্যের আসন ফাঁকা। আশা করা যায়, অল্প দিনের মধ্যেই এই সমস্যার সমাধান ঘটবে। ৬ বিশ্ববিদ্যালয়ের স্থায়ী উপচার্য হলেন -

১) প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য করা হয়েছে নির্মাল্য নারায়ণ চক্রবর্তীকে।

২) বর্ধমান বিশ্ববিদ্যালয়ের দায়িত্ব পেয়েছেন শঙ্করকুমার নাথ।

৩) বাঁকুড়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হচ্ছেন রূপকুমার বর্মণ

৪) কল্যাণী বিশ্ববিদ্যালয়ে কল্লোল পাল।

৫)সিধু-কানহো-বিরসা বিশ্ববিদ্যালয়ে পবিত্রকুমার চক্রবর্তী।

৬) রানি রাসমণি গ্রিন বিদ্যালয়ের উপাচার্য করা হয়েছে অমিয়কুমার পণ্ডাকে।

কূটনৈতিক মহলের ধারণা বর্তমানে ভারত-বাংলাদেশের আশান্ত পরিবেশের প্রেক্ষিতে এই আসনগুলোকে দ্রুত পূরণ করা হলো। অচিরেই অন্যান্য বিশ্ববিদ্যালয়গুলোতেও নিয়োগ করা হবে উপচার্য।

## সম্পাদকীয়

### পশ্চিমবঙ্গ সীমান্তে অত্যাধুনিক ড্রোন মোতায়েন বাংলাদেশের - সতর্ক ভারত

ইউনুস সরকার যে পাকিস্তানের মৌলবাদীদের হাতের পুতুলের পরিনত হয়েছে তা আর বলার অপেক্ষা রাখে না। তার মন্ত্রীসভার মন্ত্রীরা একে একে ভারতকে প্রায় ধমক দেওয়া শুরু করেছে। এই পরিস্থিতিতেই খবর, পশ্চিমবঙ্গ সীমান্তে তুরস্কে তৈরি ড্রোন মোতায়েন করেছে বাংলাদেশ। এমন খবর পেতেই ভারতের তরফে ভারত বাংলাদেশ সীমান্তে নজরদারি জোরদার করা হয়েছে বলে সূত্রের খবর। সম্প্রতি ভারতীয় সেনাবাহিনী ভারতে-বাংলাদেশ সীমান্তের কাছে মানবহীন বিমান যান (UAVs) বায়রাক্টার টিবি ২ মোতায়েন হওয়ার একটি রিপোর্ট পায়। জানা যায়, এই ড্রোনগুলি পরিচালনা করছে বাংলাদেশের ৬৭ তম সেনাবাহিনী । মূলত গোয়েন্দা তথ্য সংগ্রহ এবং নজরদারির জন্য এই ড্রোনগুলিকে ব্যাবহার করা হচ্ছে বলে খবর পাওয়া যায়। কিন্তু এই বিষয়ে বাংলাদেশের দাবি, এই ড্রোনটি প্রতিরক্ষার খাতিরেই মোতায়েন করা হয়েছে। কিন্তু ভারত মনে করছে, এই মুহূর্তে সাবধান হওয়া দরকার।বাংলাদেশকে গোপনে চিন ও পাকিস্তান কতটা সাহায্য করছে সেই তথ্য বিস্তারিত ভারতের কাছে নেই। তবে সীমান্ত এলাকায় এত উন্নত প্রযুক্তির ড্রোন মোতায়েনের ব্যাপারটি মোটেও হালকা ভাবে নিচ্ছে না ভারত। সূত্রের খবর, হাসিনার শাসনকালে যে চরমপন্থী সংগঠনগুলিকে দমন করা হয়ছিল তারাই এখন ভারতীয় সীমান্তের কাছাকাছি অঞ্চলগুলিতে পুনরায় নিজেদের শক্তি পুনরুদ্ধারের চেষ্টা চালাচ্ছে। বাংলাদেশ ইতিমধ্যে জেলবন্দি সমস্ত সন্ত্রাসবাদীদের মুক্ত করে দিয়েছে। তাই তাদের মাধ্যমে হঠাৎ চোরাগোপ্তা আক্রমন করতেই পারে। তাই সীমান্তে সেনা বাড়াচ্ছে ভারত।

## কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



-: মৃত্যুঞ্জয় সরদার :-

যাঁরা মনে করেন মা লক্ষ্মী শুধুমাত্র ধনের দেবী, তাঁরা সম্ভবত দেবীর এই ব্যাখ্যা সম্পর্কেঅবহিত নন। সমুদ্রমন্থন থেকে উদ্ভব মা লক্ষ্মীর। কিন্তু সবার আগে জানা প্রয়োজন তিনি কে? কীভাবে আবির্ভূতহলেন তিনি। এই নিয়ে নানা মত রয়েছে। কখনও বলা হয় তিনি ছিলেন ঋষি ভৃগুর সন্তান এবং সমুদ্রমন্থনে তাঁর পুনর্জন্ম হয়। আবার অন্য একটি মত অনুযায়ী, তিনি সমুদ্রদেব বরুণের কন্যা।

**ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



মৃত্যুঞ্জয় সরদার

(পঞ্চদশ পর্ব)



পরবর্তীকালে যা শিবে উত্তরিত হয়। আর-এক একাদশ-দ্বাদশ শতাব্দীর ভাস্কর্য এখানে দেবী মন্দির মধ্যে নৃত্যরতা; শুষ্ক দেহ, গর্তে ঢোকা পেট, গলায় মুণ্ডমালা। দেবীর ছয় হাতের মধ্যে ডানদিকের হাতগুলোতে কপাল, কর্তরী ও ঢাল সমেত শূলেবিদ্ধ এক মানুষের দেহ। আর বাঁদিকের হাতগুলোতে সম্ভবত ত্রিশূল, ঘণ্টা ও মানুষের মাথা। ত্রিশূলের পিছন দিক দিয়ে বিদ্ধ এক মনুষ্যদেহ, তা থেকে রক্ত ঝরছে ও শিয়াল খাচ্ছে। দেবীর কানে শিশু-শবের কুণ্ডল। পায়ের কাছে মনুষ্যদেহ, সম্ভবত জীবন্ত। এছাড়া মন্দির ভাস্কর্যের কুলুঙ্গিতে শিবলিঙ্গ; যা চামুণ্ডাকালীর সঙ্গে শিবের সংযোগের আদি রূপকল্পনা সূচিত করে। এরপরে (আনুমানিক দশম-একাদশ শতাব্দীর) পাল যুগের আর একটা মূর্তির কথা এখানে বিশেষভাবে উল্লেখযোগ্য। মূর্তিতে দেবীর ছন্দোময় দেহরেখা, নমনীয় সাবলীল স্নিগ্ধ ও সুডৌল গড়ন। দেবী পদ্ম-বেদীতে ললিতাসনে প্রসন্ন মুখে বসা, গলায় মুণ্ডমালা, চার হাতের (ডানদিকে) দুটিতে ধনুক ও ত্রিশূল; আর বাঁদিকে কপাল ও তূণ থেকে বার করছেন একটা তির। ডান পা এক নগ্ন পুরুষের উপরে রাখা" (২৩২)। এই শেষ মূর্তিটিকে কালী রূপের প্রাথমিক আভাস বলে দাবী করেছেন অশোক রায়। স্পষ্টই, বাকি সবকটি মূর্তিই চামুণ্ডা/চর্চিকা/রক্ষিণীর। পালযুগের চামুণ্ডা নিঃসন্দেহে পরবর্তীকালের কালীকল্পনায় অতীব গুরুত্বপূর্ণ মাইলফলক। দুঃখের কথা অশোকবাবুর বইতে আলোচিত মূর্তিগুলির একটির ছবিও নেই।

মেট মিউজিয়ামে রক্ষিত দ্বাদশ শতকের অষ্টসাহস্রিকা প্রজ্ঞাপারমিতার একটি অলঙ্করণে কালীকে পাচ্ছি। ক্ষুদ্র চিত্র, অঙ্কনে পটুত্ব নেই। থাকল

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

# বাংলাদেশ নিয়ে উসকানিমূলক বক্তব্য, কর্ণাটকের সাবেক উপ-মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে মামলা

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন



বাংলাদেশ নিয়ে উসকানিমূলক বক্তব্য দেওয়ার অভিযোগে ভারতের কর্ণাটক রাজ্যের সাবেক উপ-মুখ্যমন্ত্রী ও বহিস্কৃত বিজেপি নেতা কে এস ঈশ্বরাপ্পার বিরুদ্ধে মামলা করেছে স্থানীয় পুলিশ। বৃহস্পতিবার এক সমাবেশে তিনি এই বিদ্বেষমূলক বক্তব্য দেন। এরপর শুক্রবার পুলিশের পক্ষ থেকে মামলাটি করা হয়।

ভারতীয় সংবাদমাধ্যমের খবর অনুযায়ী, বাংলাদেশে হিন্দুদের কথিত আটকের প্রতিবাদে সম্প্রতি ভারতের হিন্দু হিতরক্ষাণ সমিতি, বিশ্ব হিন্দু পরিষদ এবং বজরং দল আয়োজিত এক সমাবেশে ঈশ্বরাপ্পা ঘৃণামূলক ভাষণ দেন। পাশাপাশি তিনি ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকারের সমালোচনাও করেন। সেই বক্তৃতার একটি ভিডিও ফুটেজও সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়েছে। এরপরই তার নামে ধর্মীয় বিদ্বেষ ছড়ানোর অভিযোগ ওঠে। সমাবেশের পর কংগ্রেসশাসিত রাজ্য কর্ণাটকের শিবমোগা জেলার কোটে থানা পুলিশ শুক্রবার স্বতঃপ্রণোদিত হয়ে মামলাটি দায়ের করে।

এর আগে গত ১৬ নভেম্বর এই নেতার বিরুদ্ধে মুসলমানদের হুমকি দেওয়া ও উস্কানিমূলক মন্তব্য করার অভিযোগে আরেকটি মামলা হয়। চলতি বছরের শুরুর দিকে শিবমোগা লোকসভা আসন থেকে বিদ্রোহী প্রার্থী হিসেবে নির্বাচন করায় ঈশ্বরাপ্পাকে ছয় বছরের জন্য বহিষ্কার করে ভারতের ক্ষমতাসীন দল বিজেপি।

গত আগস্টে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের পতনের পর থেকে বাংলাদেশে হিন্দুদের ওপর কথিত হামলার বিষয়ে একের পর এক বিবৃতি দিয়ে আসছে ভারত সরকার। এ নিয়ে ভারতীয় গণমাধ্যমে অতিরঞ্জিত করে বিভিন্ন খবরও প্রকাশ করা হচ্ছে। তবে বাংলাদেশের অন্তর্বর্তী সরকার বরাবরই ভারতের এসব অভিযোগ অস্বীকার করে আসছে। সরকার বলছে, সংখ্যালঘু নির্যাতন নিয়ে প্রচুর অপতথ্য বা ভুল তথ্য প্রচার করা হয়েছে।

## তেলের ট্যাঙ্কার খালি রেখে চালক ও সহচালক নিখোঁজ



কলকাতা

কলকাতা থেকে তিলের তেল নিয়ে মুম্বাই থানের উদ্দেশ্যে রওনা হওয়া ট্যাঙ্কারটি তার গন্তব্যে পৌঁছায়নি তবে উল্লিখিত গাড়িটি বিহারের গয়া জেলার বড়চাট্টি থানা এলাকায় খালি পাওয়া গেছে। ট্যাঙ্কারের মালিক সুনীল কুমার রাই এবং পুলিশ রিপোর্ট অনুসারে, ট্যাঙ্কারটি ২৬ নভেম্বর কলকাতার অভিষেক প্রোডাক্টস ১৩, বলরাম ডে স্ট্রিট থেকে ছেড়েছিল কিন্তু ট্যাঙ্কারটি তার গন্তব্যে যায়নি এবং পরে ২৯ নভেম্বর রাতে আশ্চর্যজনকভাবে গাড়িটি পাওয়া যায়। বিহারের গয়া জেলার বড়চট্টি থানা এলাকায় পাওয়া গেছে। বিষয়টি নিয়ে অভিযোগ দায়ের করা হয়েছে। ট্যাঙ্কারের মালিক সুনীল কুমার রাই অভিযোগ করেন যে, ড্রাইভার যোগেন্দ্র কুমার, রায়পুরের বাসিন্দা, এবং সহকারী প্রমোদ কুমার, ইউপির বাসিন্দা, ওই গাড়ির তেল অন্য কোথাও বিক্রি করে গাড়িটিকে পিছনে ফেলে পালিয়ে গেছে। ঘটনার পর থেকে দুজনই নিখোঁজ। পুলিশ ঘটনার তদন্ত করছে।

## ভুয়ো বোমাতঙ্ক ঠেকাতে কোয়ালিটি কন্ট্রোল ইউনিট চালু করল এ এস জি

বেবি চক্রবর্ত্তী

দেশের বিমানবন্দরগুলিতে প্রযুক্তিগত সুবিধা এবং বিশ্বমানের নিরাপত্তা দেবার জন্য নতুন ইউনিট চালু করা হয়েছে। বিমানবন্দরের নিরাপত্তা বৃদ্ধিতে বড় পদক্ষেপ নিয়েছে সিআইএসএফ। দেশের ৬৮টি বিমানবন্দরে নিরাপত্তা বৃদ্ধির জন্য 'কোয়ালিটি কন্ট্রোল ইউনিট' চালু করল এএসজি বা এভিয়েশন সিকিউরিটি গ্রুপ।

প্রসঙ্গত উল্লেখ্য গত কয়েক মাসের মধ্যে বিমানবন্দর গুলিতে ভুয়ো বোমাতঙ্কে জেরবার হয়েছিল বিমান সংস্থাগুলির কর্তৃপক্ষরা। দেশের ৬৮ টি বিমানবন্দরে বিমানবন্দর নিরাপত্তা শাখায় এখন প্রায় ৫০ হাজার জওয়ান নিরাপত্তার দায়িত্বে কর্তব্যরত রয়েছেন।

সিআইএসএফের মুখপাত্র সংবাদ সংস্থা পিটিআইকে জানিয়েছেন " অসামরিক বিমান পরিবহন মন্ত্রালয়ের সংস্থা বিসিএএস বিমানবন্দর গুলির নিরাপত্তা বৃদ্ধিতে যে উদ্যোগ নিয়েছে তার সঙ্গে সামঞ্জস্য রেখে 'কোয়ালিটি কন্ট্রোল ইউনিট' গঠন করা হয়েছে"। জানা গেছে, এই বছরের ১৩ ই নভেম্বর পর্যন্ত ৯৯৪ টি বিমানে ভুয়ো বোমাঙ্কের খবর পেয়ে হেনস্থার শিকার হতে হয়েছে বিমান সংস্থার কর্মী, যাত্রী এবং বিমানবন্দর গুলিকে। ভুয়ো বার্তা ছড়ানো হয়েছে মূলত সোশ্যাল মিডিয়ার মাধ্যম গুলি থেকে তদন্তের পর এই তথ্যই জানা গেছে। এই তথ্য সামনে আসার পর সোশ্যাল মিডিয়ার প্ল্যাটফর্ম গুলিকে কঠোর ব্যবস্থা নেতে নির্দেশ দেওয়া হয়েছিল। এমনকি বিমানবন্দর গুলিতে নিরাপত্তা বাড়ানোর জন্য আইনের সংশোধন করার প্রয়োজন মনে করছেন বিশেষজ্ঞরা।

৩ পাতার পর

# ভারত-যুক্তরাষ্ট্র সম্পর্কে টানাপোড়েন, মার্কিন কর্মকর্তাদের দুষছে বিজেপি

ডিজইনফোল্যাব একটি রিপোর্ট প্রকাশ করে যেখানে দেখা যায় ভারতীয় কূটনৈতিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয় প্রচারের জন্য বিভিন্ন দেশে অনেক ভুয়া ওয়েবসাইট তৈরি করা হয়েছিল। ওই রিপোর্টে ৬৫টি দেশে ২৬৫টি ভুয়া মিডিয়া আউটলেটের সন্ধান পাওয়ার তথ্য দেওয়া হয়। এগুলো বিতর্কিত কাশ্মীর অঞ্চল দখলে ভারতীয় প্রচেষ্টার পক্ষে প্রচারণা চালানোর উদ্দেশ্যে ব্যবহৃত হতো। এই ওয়েবসাইটগুলোর অনেকগুলোই প্রায়শই ভুঁইফোড় মানবাধিকার সংগঠনের নামে চালানো হতো, এরা একে অপরের নিউজ শেয়ার করতো, নিউজগুলো এমনভাবে প্রচার করা হতো যার ফলে পাঠকদের তথ্যের উৎস খুঁজে পাওয়া কঠিন হয়ে যেতো।

পর্যবেক্ষণে দেখা যায় এই ওয়েবসাইটগুলোর পাকিস্তানে সংখ্যালঘুদের প্রতি আচরণ, বিশেষ করে বিদ্রোহপ্রবণ বেলুচিস্তান প্রদেশের সমস্যাগুলো নিয়েও খবর ছাপতো। ডিজইনফোল্যাবের তথ্যানুসারে এই ওয়েবসাইটগুলোর মধ্যে কিছু, যেমন দ্য আমেরিকান উইকলি, টাইমস অব বুলগেরিয়া এবং টাইমস অব সাইপ্রাস- এই ধরনের নাম ব্যবহার করে তারা নিজেদের নির্ভরযোগ্য নিউজ আউটলেট হিসেবে তুলে ধরার চেষ্টা করতো। এই আউটলেটগুলোর অনেকগুলোরই সামাজিক যোগাযোগ মাধ্যম অ্যাকাউন্ট রয়েছে।


অন্যদিকে, ২০২৪ সালের ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম গ্লোবাল রিস্কস রিপোর্ট অনুসারে, বিশ্বে মিথ্যা তথ্য ও বিভ্রান্তিকর তথ্য ছড়ানোর ক্ষেত্রে শীর্ষে রয়েছে ভারত।

# সিনেমার খবর

# 'পুষ্পা ২' কি পারবে 'আরআরআর'র সেই রেকর্ড ভাঙতে?

স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন





দেখতে দেখতে অপেক্ষার পালা ফুরিয়ে এলো। আর মাত্র ৫ দিন। মুক্তি পাবে দক্ষিণ ভারতের বহুল প্রতীক্ষিত সিনেমা 'পুষ্পা ২'। প্রথম পর্বের জমজমাট সাফল্যের পর দ্বিতীয় কিস্তি নিয়ে আরও বেশি আশাবাদী সিনেমার টিম। দর্শকও আশা করছেন আগের গল্পের চেয়ে দ্বিতীয় ছবির গল্পে আরও বেশি মুগ্ধতা ছড়াবেন সুপারস্টার আল্লু অর্জুন।

এরইমধ্যে টিজার, ট্রেলার ও গান প্রকাশের মধ্য দিয়ে সেই প্রত্যাশা বেড়েছে অনেক। যার প্রভাব দেখা যাচ্ছে ছবিটির অগ্রিম টিকিট বিক্রিতে। মুক্তির আগেই অনেক রেকর্ড গড়েছে 'পুষ্পা ২'। সম্ভাবনা রয়েছে ভারতীয় সিনেমার ব্যবসায়িক সাফল্যের ইতিহাস নতুন করে লেখার। তবে এটি এসএস রাজামৌলির 'আরআরআর' ছবির বিশাল আয় ছাড়িয়ে যেতে পারবে কি না সে নিয়ে প্রশ্ন উঠেছে। 'আরআরআর' ছিল ব্লকবাস্টার হিট ছিল। ওটিটিতেও বড় অংকের দাম পেয়েছে। অস্কারেও পেয়েছে সাফল্য। ছবিগুলোর গানগুলো এটিকে বিশ্বজুড়ে ব্র্যান্ড হিসেবে প্রতিষ্ঠা করেছিল।

ছবিটি মুক্তির সময় ভারত সরকারের সহায়তায় তেলুগু রাজ্যগুলোতে বিশাল ওপেনিং পেয়েছিল। শুধুমাত্র তেলুগু সংস্করণ থেকেই ১০৩ কোটি রুপি আয়ের মাইলফলক অতিক্রম করেছিল জুনিয়র এনটিআর ও রাম চরণের সিনেমাটি। 'পুষ্পা ২' নিয়ে অনেকে অবশ্য আশাবাদী। এই ছবির প্রচারণা বেশ জমেছে। সূত্র অনুযায়ী, আন্ধ্র প্রদেশ এবং তেলেঙ্গানা সরকার সিনেমাটির জন্য টিকিটের দাম বাড়ানোর বিষয়ে ইতিবাচক। সেটা অনেকটা সহায়ক হতে পারে থ্রি আর সিনেমার ১০৩ কোটি রুপি আয়কে ছাড়িয়ে যেতে। যদিও শোনা যাচ্ছে, সিনেমার কর্তৃপক্ষ লক্ষ্য নিধারণ করেছে ৭৫-৮০ কোটি রুপি।

সুকুমার পরিচালিত আল্লু অর্জুন অভিনীত 'পুষ্পা' সিরিজের দ্বিতীয় সিনেমাটি মুক্তি পাবে 'পুষ্পা : দ্য রুল' নামে। এই গল্পে দেখানো হবে ডন হয়ে যুবক পুষ্পার মাফিয়াদের শাসন করার গল্প। এবারেও সিনেমাটিতে শ্রীভেল্লি চরিত্রে থাকবেন রাশমিকা মান্দানা।

# বাংলাদেশ-ভারত নিয়ে পোস্ট, বিপাকে কণ্ঠশিল্পী লগ্নজিতা

স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন



কলকাতার জনপ্রিয় কণ্ঠশিল্পী লগ্নজিতা চক্রবর্তী আবারো সোশ্যাল মিডিয়ায় আলোচনার কেন্দ্রবিন্দুতে। সম্প্রতি বাংলাদেশ ইস্যুতে 'হিন্দু-মুসলিম' প্রসঙ্গ টেনে ফেসবুকে নিজের মতামত জানালে, তাকে তীব্র ট্রোলিংয়ের শিকার হতে হয়। এই ঘটনার পর সামাজিক মাধ্যমে গায়িকাকে বিদ্রুপ, কটাক্ষ এবং হুমকির মুখে পড়তে হয়। যদিও পাল্টা জবাব দিয়েছেন তিনি, তারপরও ট্রোলিং বা থ্রেট বন্ধ হয়নি। অবশেষে সমস্ত পোস্ট ডিলিট করে দেন লগ্নজিতা।

৩০ নভেম্বর লগ্নজিতা তার ফেসবুকে একটি পোস্টে লেখেন, ভেবেছিলাম এই হিন্দু-মুসলিমের ব্যাপারটা আমরা পেরিয়ে এসেছি, অনেক দিন, বছর, কাল আগেই। কোনো দিন ভাবিনি ২০২৪ সালে দাঁড়িয়ে, এই বিষয়টা নিয়ে একটা পোস্ট করতে হবে। এটা অতীত হয়ে গেছে, এমনটাই আমার ভাবনা ও চিন্তা ছিল। এই পোস্ট করার পরই শুরু হয় তীব্র ট্রোলিং। অনেকেই মন্তব্য করেন, লগ্নজিতা কিছুই জানেন না এই বিষয় সম্পর্কে। আবার কেউ কেউ লেখেন, গায়িকাকে বাংলাদেশের শ্রোতা ধরে রাখতে হবে। এসব ট্রোল সয়ে নিয়ে গায়িকা পাল্টা জবাব দেন। তিনি লেখেন, অনেকে বলছেন, এই যে আমার হিন্দু-মুসলিম নিয়ে ভাগ করতে ইচ্ছে করে না, করছে না। এটার কারণ নাকি সিপিএমের ৩৪ বছরের শাসন, আমি নাকি কলকাতা এবং পশ্চিমবঙ্গ এবং ভারতে কী হয় কিছুই জানি না, আমি নাকি খুবই অশিক্ষিত, আমার আরো শিক্ষিত হওয়া উচিত ছিল ইত্যাদি ইত্যাদি।

তিনি আরো বলেন, তবে আমি তো হিন্দু-মুসলিম যে ভাই-ভাই, এটা রবীন্দ্রনাথ ঠাকুর, কাজী নজরুল ইসলাম, এনাদের থেকে শিখেছিলাম। তো রবীন্দ্রনাথ আর নজরুলও কি সিপিএম ছিলেন? জাস্ট জানতে চাইছি।

লগ্নজিতা এরপর বলেন, শুনুন, থ্রেট শুনে আজকাল হুমকিরও বিরক্ত লাগে। যে কোনো জিনিস একঘেয়ে হয়ে গেলে যা হয় আরকি। আমি তো আপনার অফিস যাওয়া নিয়ে কিছু বলছি না। আমার গান গাওয়া নিয়ে আপনার এত সমস্যা কোথায়?

এছাড়াও, গায়িকা মহাত্মা গান্ধীর মন্তব্য শেয়ার করে লেখেন, তাহলে এখন থেকে আমি কংগ্রেস হয়ে গেলাম (যেভাবে আপনারা ট্রেন্ড ঠিক করে দিচ্ছেন আরকি)।

রবিবার, তার পোস্ট করার কিছুক্ষণের মধ্যে গায়িকা তার পুরোনো সব পোস্ট ডিলিট করে দেন। এরপর তিনি আরেকটি পোস্ট করেন, যেখানে তিনি লেখেন, আমার পরিবার (আমার ব্যক্তিগত জীবন) এবং আমার ব্যান্ড (আমার পেশাদার জীবন)-এর কাতর অনুরোধ, তাদের যেন আর অসম্মান না হয়, আমি আমার সমস্ত পোস্ট ডিলিট করতে বাধ্য হলাম। সমালোচনাকারীরা, আপনার জিতে গেলেন। আনন্দ করুন।

এভাবে, সোশ্যাল মিডিয়ায় একের পর এক মন্তব্যের পর লগ্নজিতা চক্রবর্তী শেষ পর্যন্ত নিজের সমস্ত পোস্ট ডিলিট করতে বাধ্য হন, এবং সমালোচনাকারীদের সাফ জবাব দেন।

# খ্যাতির বিড়ম্বনায় অভিনয় ছাড়তে চেয়েছিলেন মার্গট রবি



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন

'বার্বি' দিয়ে হলিউডের বক্স অফিস কাঁপিয়ে দিয়েছেন সুন্দরী অভিনেত্রী মার্গট রবি। পুরস্কার, অর্থ, দর্শকের ভালোবাসায় পূর্ণ অভিনেত্রীর ক্যারিয়ারে বসন্তের হাওয়া বইছে। অথচ একটা সময় ভাবছিলেন অভিনয়ই করবেন না তিনি। হলিউড রিপোর্টারকে দেয়া সাক্ষাৎকারে এমন অবাক করা তথ্যই দিলেন তিনি।

মার্গট রবি 'সুইসাইড স্কোয়াড' সিনেমায় হ্যারি কুইনের চরিত্রে অভিনয় করেছিলেন। এটি একটি আইকনিক সিনেমা। তবে এ ছবির পর মার্গটের ক্যারিয়ার যেন অন্ধকারে ঢাকা পড়েছিল। তিনি জানিয়েছেন খ্যাতির অন্ধকার সেই দিক সম্পর্কে যা তাকে অভিনয় ছাড়ার দিকে ঠেলে দিয়েছিল।

জানা গেল, ২০১৬ সালে সুপারহিরোভিত্তিক 'সুইসাইড স্কোয়াড' সিনেমায় বিশৃঙ্খল হ্যারি কুইনের চরিত্রে অভিনয় করার ফলে মার্গট রবির জীবনে নানারকম অস্বস্তিকর পরিস্থিতি সৃষ্টি হয়েছিল। মার্গট বলেন, এই সিনেমার পর তাকে প্রাণনাশের হুমকি দেয়া হয়েছিল। প্রচুর ভয়ের সম্মুখীন হতে হয়েছে। পরিস্থিতি এতটাই গুরুতর হয়ে উঠেছিল যে তাকে তার নিজের খরচে নিরাপত্তা টিম নিয়োগ করতে হয়েছিল। 'খ্যাতিরও যে একটা অন্ধকার দিক থাকে এমন অনেক কিছু শিখেছি আমি'- আক্ষেপ প্রকাশ করে বলেন মার্গট রবি।

'সুইসাইড স্কোয়াড'- এর ফ্যানবেজ অত্যন্ত বিশাল। কিন্তু মার্গটের জন্য এটি শুধু ভালোবাসার মধ্যেই সীমাবদ্ধ ছিল না। তার জন্য এটি ছিল 'সবচেয়ে খারাপ পরিস্থিতি যেখানে খ্যাতি ভয়ঙ্কর হতে পারে'- এমন অভিজ্ঞতার। তিনি তার হতাশা সরাসরি প্রকাশ করেছেন। তিনি বলেন, 'আমি চাইতাম কেউ যদি আমাকে এই বিষয়গুলি আগে বলত তাহলে আমি এমন পরিস্থিতিতে পড়তাম না। আমি বুঝতে পারতাম যে আমি কি করতে যাচ্ছি। আমার কি প্রস্তুতি নেয়া উচিত।'

এসব কারণে এক সময়ে তিনি অভিনয় ছাড়ার চিন্তা করেন। কিন্তু শেষ পর্যন্ত তিনি হাল ছাড়েননি। যুদ্ধ করেছেন সব প্রতিকূলতার সঙ্গে।

# 'সন্ধ্যার দিকে ভয়ানক ব্যথা লাগে, পোশাকও পরতে পারিনি'



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন


একের পর এক বিপদ এসে ভর করছে ভারতীয় অভিনেত্রী রকুল প্রীত সিং ও তার পরিবারের কাঁধে। কদিন আগে মাদকাণ্ডে গ্রেপ্তার হন তার ভাই। এরপর আর্থিক বিপর্যয় ঘটে স্বামী ও শ্বশুরের প্রযোজনা সংস্থায়। এবার বিপদ এসে খুবলে দিল অভিনেত্রীকে। শরীর চর্চা করতে গিয়ে অসুস্থ অভিনেত্রী। হারিয়েছিলেন চলার ক্ষমতাও।

ভারতীয় সংবাদমাধ্যমকে রাকুল বলেন, '৫ অক্টোবর আমি ৮০ কেজি ওজনের একটা ডেডলিফট তুলেছিলাম। তখনই আমি আমার টেলবোনে ব্যথা অনুভব করলাম। তবে আমি থামিনি, যা আমার সবচেয়ে বড় ভুল ছিল। আমি ওয়ার্কআউট চালিয়ে গেলাম, তারপর সেখান থেকে সোজা শুটিংয়ে চলে গেলাম। এরপর সন্ধ্যার দিকে আমার খুব ভয়ানক ব্যথা লাগে, নিজে পোশাকও পরতে পারিনি। কারণ সামনের দিকে ঝুঁকতে পারছিলাম না।'

এরপর বলেন, 'তবে তখনও বুঝতে পারিনি, ভাবলাম টান লেগেছে। তাই ব্যথা নিয়ে শুটিং করতে থাকি। এরপর ১০ তারিখের তারিখের মধ্যে এটা ভয়ানকভাবে বেড়ে যায়। সেটা এতটাই ছিল যে আমি যখন আমার জন্মদিনের পার্টির জন্য প্রস্তুত হচ্ছিলাম, মনে হচ্ছিল আমার শরীরের নিচের অংশ ওপর থেকে বিচ্ছিন্ন হয়ে গেছে। এরপর ব্যথায় অজ্ঞান হয়ে যাই, প্রেসারও কমে গিয়েছিল। আমাকে বিছানায় শুইয়ে দেওয়া হলো তারপর থেকে টানা ১০ দিন বিছানায় শয্যাশায়ী। বেড রেস্টও নয় কিন্তু একেবারে শয্যাশায়ী ছিলাম।'

অভিনেত্রীর এই কঠিন সময়ে পাশে আছেন স্বামী জ্যাকি। স্ত্রীর সেবা শুশ্রূষার ভাড় নিজের কাধে তুলে নিয়েছেন। এতে কৃতজ্ঞতা স্বীকার করেছেন রাকুল। তার কথায়, 'এই সময় জীবনসঙ্গী হিসাবে শুধুমাত্র শারীরিকভাবে বোঝাটাই গুরুত্বপূর্ণ নয়। সেসময় আমার মতো কাজপাগল মানুষের শারীরিকভাবেও ভীষণ ক্ষতি হয়েছিল। আর শুধু এটা ১০ দিনের বিষয় নয়, এখনও আমি ১০০ শতাংশ সুস্থ নই, তবে জ্যাকি আমার সর্বক্ষণ পাশে থেকেছে। ও কঠিন পরিস্থিতিও সুন্দরভাবে সামলে নিতে পারে। আমি জ্যাকির কাছে কৃতজ্ঞ।'

# এবার নতুন পরিচয়ে রাজকুমার রাও



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন


ভারতীয় অভিনেতা রাজকুমার রাও। 'স্ত্রী' ও 'স্ত্রী ২' চলচ্চিত্রের মাধ্যমে এরই মাঝে এই নায়ক অভিনেতা তকমা থেকে সুপারস্টার উপাধি পেয়েছেন। তবে এবার অভিনেতা পরিচয়ের পাশাপাশি নতুন এক পরিচয়ে আত্মপ্রকাশ ঘটতে যাচ্ছে এই অভিনেতার। জানা গেছে, সিনেমা প্রযোজনা করতে যাচ্ছেন তিনি। ২০২৫ সালের জন্য পরিচালক আদিত্য নিম্বলকারের নেটফ্লিক্সের একটি ওয়েব ফিল্ম পরিচালনা করছেন তিনি। যার নাম এখনো ঠিক হয়নি।

ভারতীয় গণমাধ্যম বলিউড হাঙ্গামার সূত্রে জানা যায়, ছবিটির গল্প একটি হত্যাকাণ্ডের পটভূমিতে নির্মিত হবে। এই সিনেমায় অভিনয়ের পাশাপাশি রাজকুমার রাওয়ের প্রযোজক হিসেবে অভিষেক হবে। ছবির শুটিং ২০২৫ সালের জানুয়ারিতে শুরু হওয়ার কথা এবং একই বছরের শেষে এটি নেটফ্লিক্সে প্রিমিয়ার হবে।

আরও জানা যায়, রাজকুমারের সিনেমার গল্প এতটা পছন্দ হয় যে, তিনি নিজেই এটি প্রযোজনা করার সিদ্ধান্ত নেন। গল্পে অনেক টুইস্ট রয়েছে যা এই ধরনের ছবিকে নতুনভাবে উপস্থাপন করবে। এদিকে আদিত্য নিম্বলকার, যিনি 'সেক্টর ৩৬'-এর জন্য পরিচিত, তিনিই আসন্ন এ ছবিটি পরিচালনা করবেন। বর্তমানে রাজকুমার রাও 'মালিক' সিনেমার শুটিং করছেন। এটি পরিচালনা করেছেন পুলকিত।

# এবার বাংলাদেশ ইস্যুতে মুখ খুললেন কঙ্গনা

স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন



সম্প্রতি বাংলাদেশে ঘটে যাওয়া ঘটনার প্রতিবাদে উত্তাল হয়ে উঠেছে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা। গত কয়েকদিন ধরে কলকাতার বেগ বাগানে অবস্থিত বাংলাদেশের উপ-হাইকমিশনে রাজ্যের বিরোধীদলসহ বিভিন্ন সংগঠন স্মারক লিপি জমা দিতে যায়। এতে রাজনৈতিক দলগুলোর মধ্যে সংঘর্ষের সৃষ্টি হয় এবং কলকাতা পুলিশের সঙ্গে দফায়-দফায় সংঘর্ষের রূপ নেয়। এই সংঘর্ষে দুই পক্ষের লোকজন আহত হন।

এদিকে, কলকাতায় এসে বাংলাদেশে সম্প্রতি ঘটে যাওয়া ঘটনা নিয়ে সরব হয়েছেন বলিউডের জনপ্রিয় অভিনেত্রী ও বিজেপির সংসদ সদস্য কঙ্গনা রানাওয়াত। কলকাতা আন্তর্জাতিক বিমানবন্দরে দাঁড়িয়ে তিনি বলেন, যেটা বাংলাদেশে হচ্ছে সেটা আমাদের হিন্দুদের জন্য খুবই চিন্তার বিষয়। সবচেয়ে বড় কথা হলো, এখানে এর বিরুদ্ধে কোনো আন্দোলন নেই। সামাজিক যোগাযোগমাধ্যমেও এনিয়ে কোনো উচ্চবাচ্চ নেই।

এই পরিস্থিতিতে, বাংলাদেশের ঘটনার সঙ্গে ভারতের পরিস্থিতির তুলনা করেছেন জম্মু-কাশ্মীরের সাবেক মুখ্যমন্ত্রী এবং পিপলস ডেমোক্রেটিক পার্টির (পিডিপি) নেত্রী মেহবুবা মুফতি। ১ ডিসেম্বর, জম্মুতে এক দলীয় সভায় কর্মীদের উদ্দেশ্যে মেহবুবা মুফতি বলেন, হিন্দুরা বাংলাদেশে নিপীড়নের মুখে পড়েছে। কিন্তু, আমরা যদি এখানে (ভারতে) সংখ্যালঘুদের সঙ্গে একই কাজ করি, তাহলে দুই দেশের পার্থক্য কোথায় রইলো?

এভাবে, বাংলাদেশের পরিস্থিতি নিয়ে পশ্চিমবঙ্গ ও ভারতের রাজনৈতিক অঙ্গনে সমালোচনার ঝড় উঠেছে এবং ঘটনাগুলো আন্তর্জাতিক পর্যায়েও ব্যাপক আলোচনা সৃষ্টি করেছে।

# বুমরাহ সর্বকালের সেরাদের একজন : হেড




স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন

পার্থ টেস্টে পেসার জসপ্রিত বুমরাহর তোপের মুখে বিধ্বস্ত হয়েছে অস্ট্রেলিয়া। অজিদের প্রায় সব ব্যাটারকেই খাবি খাইয়েছেন তিনি। অস্ট্রেলিয়ার ব্যাটার ট্রাভিস হেডের মতে, আন্তর্জাতিক ক্রিকেটে সর্বকালের সেরা কয়েকজন পেসারের তালিকাতেই থাকবেন বুমরাহ। এরই মধ্যে অ্যাডিলেডে দিবারাত্রির টেস্টের প্রস্তুতি নিচ্ছে দুই দল। এই ম্যাচেও বুমরাহর বোলিং মোকাবিলা করতে বাড়তি প্রস্তুতি নিচ্ছে অজিরা। সিরিজের প্রথম ম্যাচে ভারতকে নেতৃত্বও দিয়েছেন বুমরাহ।

পিতৃত্বকালীন ছুটিতে ছিলেন নিয়মিত অধিনায়ক রোহিত শর্মা। সিরিজের দ্বিতীয় টেস্ট দিয়ে আবারও ফিরছেন তিনি। রোহিত ফিরলেও এই ম্যাচে সবার মনোযোগে থাকবে বুমরাহই। সেই কথা মনে করিয়ে দিয়েছেন প্রতিপক্ষ দলের হেড। অ্যাডিলেড টেস্টের আগে তিনি বলেন, জসপ্রিত (বুমরাহ) এই খেলাটার সব সময়ের সেরাদের একজন। আমরা এখন টের পাচ্ছি কতটা চ্যালেঞ্জিং হতে পারে সে। তার বিপক্ষে খেলাটা দারুণ। নিজের ক্যারিয়ারে এমন পালক যোগ হওয়া খুব ভালো। নাতিপুতিদের কাছে গল্প করা যাবে যে আমি তাকে মোকাবিলা করেছি।

পার্থে দ্বিতীয় ইনিংসে ব্যাট হাতে ৮৯ রান করেন হেড। যদিও এই রান কোনো উপকারেই আসেনি অস্ট্রেলিয়ার। তাতে কেবল ব্যবধানই কমিয়েছে অজিরা। তবে পরের ম্যাচে নতুন করেই শুরু করতে চায় অজিরা, এমনটাই জানিয়েছেন হেড।

তিনি আশাবাদী অ্যাডিলেডে তার দল বেশ ভালোভাবেই ঘুরে দাঁড়াবে। নিজেদের লক্ষ্যের কথা জানিয়ে হেড বলেন, এটা নতুন আরেকটা সপ্তাহ। নতুন করে প্রস্তুত হয়ে সতেজ হয়ে নামতে হবে। আশা করি একই পারফরম্যান্স দিতে পারব।

# জোড়া ক্যাচ মিস, মাথায় হেড! হারের আতঙ্কেই দিন শেষ ভারতের

স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন




গোলাপি টেস্টে ব্যাকফুটে ভারত। এর জন্য নিজেদেরও দায়ী করা যায়। তার প্রথম কারণ, ব্যাটিং বিপর্যয়। প্রথম ইনিংসে মাত্র ১৮০ রান করেছে ভারত। ইনিংসের প্রথম বলে যশস্বী জয়সওয়ালের উইকেট হারানোর পর ঘুরে দাঁড়িয়েছিল ভারত। দ্বিতীয় উইকেটে লোকেশ রাহুল ও শুভমন গিল ৬৯ রান যোগ করেন। পরপর রাহুল, বিরাটের উইকেট। শেষ দিকে নীতীশ রেড্ডির ক্যামিও ইনিংস। দিন-রাতের টেস্টে গোধূলীর সময়টা চ্যালেঞ্জিং। অস্ট্রেলিয়া যে সময় ব্যাটিংয়ে নেমেছিল ভারতের কাছে এই ১৮০ রানের পুঁজিটাও বিরাট বলা যেত। কিন্তু জসপ্রীত বুমরার এক উইকেটই প্রথম দিনের প্রাপ্তি ছিল ভারতের। দ্বিতীয় দিন ট্রাভিস হেডের জোড়া ক্যাচ মিস। সেই হেডের ১৪০ রানের সৌজন্যে অ্যাডভান্টেজ অস্ট্রেলিয়া।

অস্ট্রেলিয়া প্রথম ইনিংসে ১০০ প্লাস রানের লিড নিলে ভারতের চাপ বাড়বে, এমনটা মনে করা হয়েছিল। অবশেষে অস্ট্রেলিয়ার ইনিংস শেষ হল ৩৩৭ রানে। টি-ব্রেকের পরই জোড়া উইকেট নেয় ভারত। সব মিলিয়ে প্রথম ইনিংসে অস্ট্রেলিয়ার লিড দাঁড়ায় ১৫৭। ভারতের জন্য কঠিন পরিস্থিতি তৈরি হয়। এখান থেকে ঘুরে দাঁড়ানো সহজ ছিল না। বিশেষ করে ভারতকে গোধূলীর সময় ব্যাটিংয়ে নামতে হওয়ায় চাপ বাড়ে। যশস্বী জয়সওয়াল-লোকেশ রাহুল জুটি দীর্ঘস্থায়ী হয়নি।

# এমবাপ্পে-বেলিংহামের নৈপুণ্যে জয়ে ফিরল রিয়াল

স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন




চ্যাম্পিয়নস লিগে লিভারপুলের বিপক্ষে পেনাল্টি মিস করে সমর্থকদের 'কাঠগড়ায়' দাঁড়িয়েছিলেন কিলিয়ান এমবাপ্পে। তার শাস্তি হিসেবেই হয়তো এবার এমবাপ্পেকে পেনাল্টি নিতে দিলেন না রিয়াল মাদ্রিদের কোচ কার্লো আনচেলত্তি। সেই সুযোগ কাজে লাগিয়ে স্পটকিক থেকে গোলের দেখা পেলেন জুড বেলিংহাম। পরে অবশ্য গোল করেছেন এমবাপ্পে নিজেও। আর তাতে ভর করে হেতাফেকে ২-০ গোলে জিতেছে লস ব্ল্যাঙ্কোসরা।

ম্যাচের শুরু থেকে প্রতিপক্ষের ওপর চড়াও হয় রিয়াল। তবে গোলের মুখ দেখতে তাদের অপেক্ষায় থাকতে ৩০ মিনিট পর্যন্ত। পেনাল্টি থেকে গোল করার সময় গেতাফের গোলরক্ষককে ধোঁকা দেন বেলিংহাম। পানেনকা কিকে পরাস্ত হয়ে গোলরক্ষক দাভিদ সুরিয়া ডান দিকে পড়ে যান। বল ধীরে ধীরে জালে জড়িয়ে যায়।

পেনাল্টি না নিতে পারার কষ্ট অবশ্য মিনিট আটেক পরেই পুষিয়ে নেন এমবাপ্পে। বেলিংহামের পাসে বল বক্সে পেয়ে বাঁকানো শটে জালে জড়িয়ে দেন ফরাসি ফরোয়ার্ড। ২ গোলে এগিয়ে থেকেই বিরতিতে যায় রিয়াল।

বিরতির পর পেনাল্টির আবেদন করেছিল রিয়াল। কিন্তু ভিএআর দেখে তা বাতিল করে দেন রেফারি। পরে ফেদে ভালভার্দের এক শট ঠেকিয়ে দেন হেতাফের গোলরক্ষক। এমবাপ্পেও সুযোগ মিস করেন। ড্রিবলিংয়ে গোলরক্ষককে বোকা বানিয়ো ফাঁকা পোস্টে বল জড়াতে পারেননি তিনি। পরে আরও দুইবার সুযোগ নষ্ট করেন এমবাপ্পে। তবে এতে তার দলের জয় পেতে কোনো সমস্যা হয়নি।

১৪ ম্যাচে রিয়ালের সংগ্রহ এখন ৩৩ পয়েন্ট। শীর্ষে থাকা বার্সেলোনার চেয়ে মাত্র ১ পয়েন্ট কম নিয়ে দুইয়ে আছে আনচেলত্তির দল। তবে বার্সার চেয়ে রিয়াল এক ম্যাচ কম খেলেছে। তিনে থাকা আতলেতিকো মাদ্রিদ ১৫ ম্যাচে সংগ্রহ করেছেন ৩২ পয়েন্ট।

# দু-গোল, টানা দুটি জয়; মিশন প্লে-অফে গিয়ার শিফট ইস্টবেঙ্গলের

স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন



লিগ টেবলে এতদিন তলানিতে ছিল ইস্টবেঙ্গল। এ বারের আইএসএলে টানা ছয় ম্যাচ হেরেছিল। সেখান থেকে ঘুরে দাঁড়ানো কঠিন। আধডজন হারের পর ইস্টবেঙ্গল অংশ নেয় এএফসি চ্যালেঞ্জ লিগে। নতুন কোচ অস্কার ব্রুজোর কোচিংয়ে ভুটানে অনবদ্য পারফরম্যান্স। এএফসি চ্যালেঞ্জ লিগের নকআউটেও জায়গা করে নিয়েছে লাল-হলুদ। পরবর্তী লক্ষ্য ছিল ইন্ডিয়ান সুপার লিগে ফর্মে ফেরা। নিজেদের সপ্তম ম্যাচ থেকেই যেন সেই আত্মবিশ্বাসটা পেতে শুরু করে ইস্টবেঙ্গল।

লিগে নিজেদের সপ্তম ম্যাচে মহমেডান স্পোর্টিংয়ের বিরুদ্ধে নেমেছিল ইস্টবেঙ্গল। মাত্র ৩০ মিনিটের মধ্যেই দুটো রেড কার্ড। নয় জনের ইস্টবেঙ্গল আরও বাড়তি তাগিদ নিয়ে খেলেছিল। মহমেডান স্পোর্টিংকে রুখে দেয় তারা। মরসুমের প্রথম পয়েন্টও ঝুলিতে নেয়। সেখান থেকেই আত্মবিশ্বাসী হয়ে উঠেছিল। অবশেষে গত ম্যাচে 'অষ্টম' আশ্চর্য ইস্টবেঙ্গল শিবিরে। নর্থইস্ট ইউনাইটেডের বিরুদ্ধে ডায়ামান্টাকোসের একমাত্র গোলে জয় ছিনিয়ে নেয় ইস্টবেঙ্গল। সেই ম্যাচে দু-দলেরই একজন করে রেড কার্ড দেখেছিলেন।

দু-দিন আগেই ইস্টবেঙ্গল কোচ অস্কার ব্রুজো জানিয়েছিলেন, এখান থেকেও প্লে-অফে যোগ্যতা অর্জন করতে পারে ইস্টবেঙ্গল। তাঁর স্বপ্ন অসম্ভব না হলেও খুবই কঠিন, এ বিষয়ে সন্দেহ নেই। পরপর দু-ম্যাচ জিতে ইস্টবেঙ্গল কোচ যেন সেই স্বপ্নটাই বাস্তবের আশা জাগালেন। অ্যাওয়ে ম্যাচে চেন্নায়িন এফসিকে ২-০ ব্যবধানে হারাল ইস্টবেঙ্গল। প্রথমার্ধে কোনও দলই গোল করতে পারেনি। দ্বিতীয়ার্ধের শুরুতেই ইস্টবেঙ্গলকে এগিয়ে দেন তরুণ ফুটবলার বিষ্ণু। নির্ধারিত সময়ের শেষ দিকে জিকসন আরও একটি গোল করেন। ১২ ডিসেম্বর ওড়িশা এফসির বিরুদ্ধে খেলবে ইস্টবেঙ্গল। পয়েন্ট টেবলে আপাতত ১১ নম্বরে উঠে এল লাল-হলুদ।

# বিশ্বকাপ আয়োজক হিসেবে সর্বোচ্চ নম্বর পেল সৌদি আরব

স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন



২০৩৪ বিশ্বকাপ আয়োজনে সৌদি আরব একমাত্র বিডার ছিল। ফলে, আনুষ্ঠানিক ঘোষণা না এলেও তারাই বিশ্বকাপ আয়োজন করবে, সেটা একদম নিশ্চিত। ৩০ নভেম্বর সৌদি আরবের বিশ্বকাপ আয়োজনের প্রস্তাব মূল্যায়ন প্রতিবেদন প্রকাশ করেছিল ফিফা।

মানবাধিকার ইস্যুতে সৌদি নিয়ে অনেকের আপত্তি থাকলেও তাদের ৫এর মধ্যে ৪ দশমিক ২ দিয়েছে ফিফা, যা ইতিহাসে সর্বোচ্চ।

ফিফা জানিয়েছে, ২০৩৪ বিশ্বকাপে মানবাধিকারের ঝুঁকি 'মধ্যম'। ফুটবলের এই নিয়ন্ত্রক সংস্থার দাবি, সংস্কারের জন্য এটি নিয়ামক হিসেবে কাজ করতে পারে। যেসব সংগঠন সৌদি আরবের বিশ্বকাপ আয়োজন নিয়ে আপত্তি তুলেছিল, ফিফার এমন মূল্যায়নকে তিরস্কার করেছে তারা।

এদিকে বিশ্বকাপ আয়োজনে অবকাঠামোই প্রধান চ্যালেঞ্জ তেলসমৃদ্ধ দেশটির। ২৩টি স্টেডিয়ামে বিশ্বকাপের খেলা হবে। এর মধ্যে কিং সালমান স্টেডিয়াম নির্মাণের অপেক্ষায়, যার দর্শক ধারণক্ষমতা ৯২ হাজার হবে।

বিশ্বকাপের উদ্বোধনী ও ফাইনাল ম্যাচও এখানেই হবে। ২০৩২ সালে এই স্টেডিয়ামের কাজ শেষ হওয়ার কথা। ২০২৭ এশিয়ান কাপকে সামনে রেখে আরো ৩টি স্টেডিয়ামের কাজ শেষ হওয়ার কথা রয়েছে।

তবে ফিফার দাবি, সৌদির প্রস্তাবে টেকসই অবকাঠামো নির্মাণের প্রতিশ্রুতি আছে। পরিবেশগত সুরক্ষার বিষয়েও ঝুঁকি কম। তবে খেলার সময় নিয়ে উচ্চ ঝুঁকির কথা স্বীকার করেছে ফিফা। তাই সম্ভাব্য কোনো সূচি এখনো ঠিক করা হয়নি। আবহাওয়ার কারণে শীতের সময়ে হতে পারে বিশ্বকাপ।

সর্বশেষ কাতার বিশ্বকাপেও এ ঘটনা ঘটেছিল। বিশ্বকাপের জন্য সেরা সময় বেছে নিতে সৌদি আরবের সঙ্গে ফিফা কাজ করবে বলে প্রতিবেদনে জানানো হয়েছে। আগামী ১১ ডিসেম্বর আনুষ্ঠানিকভাবে বিশ্বকাপ আয়োজকদের নাম ঘোষণা করবে ফিফা।

# সেই মডেলেই হচ্ছে চ্যাম্পিয়ন্স ট্রফি

স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন



হাইব্রিড মডেলেই হতে যাচ্ছে ফেব্রুয়ারি-মার্চের চ্যাম্পিয়ন্স ট্রফি। সে জন্য পাকিস্তানের দেয়া ও ভারত-পাকিস্তান চিরস্থায়ী হাইব্রিড বন্দোবস্ত মেনে নিচ্ছে বিসিসিআই। যার অর্থ, এখন থেকে আইসিসি ও এসিসির টুর্নামেন্টে দুই দেশ নিরপেক্ষ ভেন্যুতে খেলবে।

আট দলের চ্যাম্পিয়ন্স ট্রফির পুরো আসর দেশে আয়োজন করতে চেয়েছিল পকিস্তান ক্রিকেট বোর্ড। কিন্তু পাকিস্তানে দল পাঠাবে না বলে গো ধরেছে ভারত। তারা হাইব্রিড মডেলে আয়োজনের প্রস্তাব দেয়। শুক্রবার আইসিসির সভায় দুই শর্তে ওই মডেলে পাকিস্তান রাজিও হয়েছে। একটি শর্ত হলো ২০৩১ সাল পর্যন্ত আইসিসির কোনো টুর্নামেন্ট খেলতে ভারতে যাবে না পাকিস্তান। ভারতে আয়োজিত টুর্নামেন্টগুলোতে তাদের ম্যাচও হবে নিরপেক্ষ ভেন্যুতে। পিসিবি যার নাম দিয়েছে পার্টনারশিপ মডেল।

দ্বিতীয় শর্তটি হলো- চ্যাম্পিয়ন্স ট্রফির নিরপেক্ষ ভেন্যুতে হওয়া ম্যাচের নিরাপত্তার দায়িত্ব পিসিবি নেবে না। নিরাপত্তার ব্যবস্থা, দায় ও দায়িত্ব নিতে হবে আইসিসির। পিসিবির এমন শর্তে তাৎক্ষণিক রাজি হয়নি ভারত। আইসিসির সভায় চ্যাম্পিয়ন্স ট্রফি নিয়ে আলোচনা শুরুতেই একপ্রকার শেষ হয়ে যায়। কারণ ২০৩১ সাল পর্যন্ত আইসিসির চারটি টুর্নামেন্ট হবে ভারত। এর মধ্যে আছে শ্রীলঙ্কার সঙ্গে যৌথভাবে ২০২৬ টি২০ বিশ্বকাপ এবং ২০৩১ সালে বাংলাদেশের সঙ্গে যৌথভাবে ওয়ানডে বিশ্বকাপ। ২০২৫ সালে এশিয়া কাপ ও নারীদের বিশ্বকাপ এবং ২০২৯ সালের চ্যাম্পিয়ন্স ট্রফির একক আয়োজক ভারত।

সভা শেষে পিসিবি চেয়ারম্যান মহসিন নাকভি বলেন, 'বেশি কথা বলব না। এতে আলোচনা পণ্ড হতে পারে। শুধু বলব, শেষ পর্যন্ত যেন ক্রিকেটের জয় হয়। মডেল যাই হোক, তাতে সমতা থাকতে হবে।' পাকিস্তানের সংবাদমাধ্যম ডন পরে দাবি করেছে, পিসিবির প্রস্তাবে রাজি হয়েছে বিসিসিআই। তারা পরবর্তী টুর্নামেন্টে পাকিস্তানের ম্যাচ নিরপেক্ষ ভেন্যুতে আয়োজনে সম্মত। তবে মৌখিক আশ্বাস নয়, আইসিসি থেকে চূড়ান্ত নিশ্চয়তা চায় পিসিবি। বিষয়টি নিয়ে পিসিবির একটি সূত্র ডনকে বলেছে, 'আগেও আশ্বাস দেওয়া হয়েছিল, যার বাস্তবায়ন হচ্ছে না। আইসিসিকে তাই পূর্ণ নিশ্চয়তা দিতে হবে।'

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata- 700019 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR